



আঞ্চলিক তথ্য অফিস, সিলেট



তথ্য অধিদফতর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

তথ্যবিবরণী

নম্বর: ০৬০

কোম্পানীগঞ্জে জেলা তথ্য অফিসের কমিউনিটি ডায়ালগ অনুষ্ঠিত

সিলেট, বৃহস্পতিবার, ২০ অগ্রহায়ণ (০৫ ডিসেম্বর):

সিলেটে জেলা তথ্য অফিসের উদ্যোগে শিশু, কিশোর-কিশোরী ও নারী উন্নয়নে সচেতনতামূলক প্রচার কার্যক্রম শীর্ষক প্রকল্পের আওতায় কোম্পানীগঞ্জ উপজেলায় কমিউনিটি ডায়ালগ অনুষ্ঠিত হয়েছে। আজ ০৫ ডিসেম্বর বৃহস্পতিবার উপজেলার তৈমরনগর সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে এ সভা অনুষ্ঠিত হয়। এতে বক্তাগণ বাল্যবিবাহ প্রতিরোধ এবং শিশুর প্রতি সকল ধরনের সহিংসতা প্রতিরোধ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন।

জেলা তথ্য অফিসের উপপরিচালক মো. সালাহ উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত কমিউনিটি ডায়ালগে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সাখাওয়াত এরশেদ। অনুষ্ঠানে আরো বক্তব্য প্রদান করেন শিক্ষানুরাগী ও সাবেক ভাইস চেয়ারম্যান মো. লাল মিয়া, স্থানীয় স্কুলের প্রধান শিক্ষক আবুল খায়ের ও মফিজুল ইসলাম।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার সাখাওয়াত এরশেদ বলেন, নারী ও শিশুর প্রতি সহিংসতা প্রতিরোধ এবং বাল্যবিবাহ প্রতিরোধে সচেতনতার বিকল্প নেই। বাল্যবিবাহের কুফল সম্পর্কে সকলকে অবহিত করতে হবে। এক্ষেত্রে নানাবিধ প্রচার কার্যক্রম বাস্তবায়ন করে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

সভাপতির বক্তব্যে জেলা তথ্য অফিসের উপপরিচালক মো. সালাহ উদ্দিনের বলেন, নিজের সন্তানদেরকে বখাটেদের হাত থেকে রক্ষা করার কৌশল বলে দিন এবং তাকে সাহস যোগান তবেই আপনার সন্তান নিজেকে রক্ষা করে সামনে এগিয়ে যাবে। এছাড়া বাল্যবিবাহ রোধে সামাজিক আন্দোলন গড়ে তোলার উপর গুরুত্বারোপ করেন জেলা তথ্য অফিসের উপপরিচালক মো. সালাহ উদ্দিন।

বাল্যবিবাহের অবসান এবং শিশুর প্রতি সকল ধরনের সহিংসতা রোধের লক্ষ্য আয়োজিত কমিউনিটি ডায়ালগে উপস্থিত অংশগ্রহণকারীবৃন্দ এবিষয়ে সক্রিয় ভূমিকা পালন করবেন বলে অনুষ্ঠানে শপথ গ্রহণ করেন।

জেলা তথ্য অফিসের উচ্চমান সহকারী মো. লেবাহ উদ্দিনের সঞ্চালনায় এ আয়োজনে উপজেলার বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন।

মাসুদ/ডলি/২০২৪/১৪: ২৫ ঘণ্টা

৩৫০/৬, খোজারখলা স্কয়ার, দক্ষিণ সুরমা, সিলেট

সংবাদকক্ষ : ০২৯৯৭৭০১৫৪৩, E-mail : pidsylhet@gmail.com